



ব্যক্তিগত ঋণের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম এবং শর্তাবলী

- 1) এই নথিতে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাঙ্কের (“ব্যাঙ্ক”) থেকে নেওয়া ব্যক্তিগত ঋণের সাথে সম্পর্কিত সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম এবং শর্তাবলী রয়েছে। ব্যক্তিগত ঋণের নিয়ম এবং শর্তাবলী (ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ আছে <https://www.sc.com/global/av/in-scb-pl-terms-n-Conditions.pdf>)-এ, গ্রাহকের শর্তাবলী (ব্যাঙ্কের ওয়েবসাইটে <https://www.sc.com/in/assets/pws/pdf/Client-Terms-and-condition>-এ উপলব্ধ আছে) এগুলোর সাথে ব্যাঙ্ক ব্যক্তিগত ঋণের সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম এবং শর্তাবলীর প্রবিধানকে নিয়ন্ত্রণ করে। ঋণ গ্রহণকারী এবিষয়ে মেনে নেন যে তিনি ব্যাঙ্ক থেকে ব্যক্তিগত ঋণের জন্য আবেদন করার আগে এটি পড়েছেন এবং বুঝে নিয়েছেন। ব্যাঙ্কের প্রতিনিধি ঋণ গ্রহণকারীকে মূল শর্তগুলি ব্যাখ্যাও করেছেন। প্রধান তথ্যের নথিটি যা প্রত্যেক ঋণ গ্রহণকারীর কাছে অনন্য, ব্যাঙ্ক সেটি প্রত্যেক ঋণ গ্রহণকারীকে আলাদা আলাদা ভাবে দেয়।
- 2) ঋণ গ্রহণকারী ব্যাঙ্ককে ঋণ গ্রহণকারীর যে কোনো তথ্য বা ঋণ গ্রহণকারীর ঋণের স্থিতি, যাকে ব্যাঙ্ক উপযুক্ত বলে মনে করে, তার কাছ থেকে, (যেমন কোনো কর্তৃপক্ষ বা ক্রেডিট রেফারেন্স বা রেটিং এজেন্সি) যাচাই করার অনুমতি দেন।
- 3) ঋণ গ্রহণকারী ইকুয়েটেড মাসলি ইনস্টলমেন্ট বা সমান মাসিক কিস্তি (ইএমআই) (EMI)-এর মাধ্যমে ব্যক্তিগত ঋণ পরিশোধ করবেন এবং ইএমআই-এর রাশি পরিশোধের জন্য একটি মোড হিসাবে ইলেকট্রনিক ক্লিয়ারিং সার্ভিসেস (ইসিএস - (“ECS”) বা স্ট্যান্ডিং ইনস্ট্রাকশন বা স্থায়ী নির্দেশ বেছে নেবেন। যদি কোনো ক্ষেত্রে ঋণ পরিশোধ না করা হয়, সেক্ষেত্রে বকেয়া ব্যক্তিগত ঋণ পুনরুদ্ধারের জন্য ব্যাঙ্কের কাছে ইসিএস বা স্ট্যান্ডিং ইনস্ট্রাকশন বা স্থায়ী নির্দেশের ব্যবস্থাও উপলব্ধ থাকবে।
- 4) ব্যাঙ্ক ব্যক্তিগত ঋণ প্রত্যাখ্যান করলে, ব্যক্তিগত ঋণের বিষয়ে ঋণ গ্রহণকারীর ব্যাঙ্ককে দেওয়া যে কোনো কেওয়াইসি (KYC) নথি সহ অন্যান্য সমস্ত নথির কোনোটাই ব্যাঙ্ক ফেরত দেবে না।
- 5) ঋণ গ্রহণকারী ব্যাঙ্ককে লিখিতভাবে কমপক্ষে 21টি কার্যদিবসের নোটিস দিয়ে ব্যক্তিগত ঋণের পুরো টাকা 12 থেকে 60 মাসের মধ্যে যে কোনো সময়ে পরিশোধ করতে পারেন :
 - a. ব্যক্তিগত ঋণের বকেয়া মূল রাশিও এবং
 - b. সমস্ত বকেয়া ইএমআই, সুদ, ফি এবং প্রযোজ্য কর; এবং
 - c. ব্যাঙ্কের ওয়েবসাইটে <https://www.sc.com/in/deposits/schedule-of-charges/> → Personal Loan-এ উপলব্ধ, চার্জের সময়সূচীতে উল্লিখিত দরে অগ্রিম পরিশোধের চার্জ নির্ধারিত হবে
 - d. ঋণের 12 মাস পূর্ণ করার পরে, যদি না ব্যাঙ্ক দ্বারা লিখিতভাবে যোগাযোগ না করা হয়।
- 6) ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার সময় বা ব্যাঙ্ক থেকে অন্য কোনো প্রোডাক্ট বা পরিষেবা নেবার সময় ব্যাঙ্ক ঋণ গ্রহণকারীকে ব্যক্তিগত ঋণ মঞ্জুর করার উদ্দেশ্যে তার দেওয়া সমস্ত তথ্যের উপর নির্ভর করবে এবং সেগুলো ব্যবহার করবে। ঋণ গ্রহণকারীকে নিশ্চিত করতে হবে যে ব্যাঙ্কের কাছে দেওয়া ঋণ গ্রহণকারীর সমস্ত তথ্য সঠিক, সম্পূর্ণ এবং আপডেট করা আছে। ঋণ গ্রহণকারী যদি ব্যাঙ্ককে দেওয়া কোনো তথ্য পরিবর্তন করে থাকে, তাহলে ঋণ গ্রহণকারীকে 30 টি ক্যালেন্ডার দিনের মধ্যে সেবিষয়ে ব্যাঙ্ককে জানাতে হবে। যদি স্থান পরিবর্তন বা অন্য কোনো কারণে ঠিকানা পরিবর্তিত হয়, তাহলে সেই বিশেষ ক্ষেত্রে, ঋণ গ্রহণকারীকে এই ধরনের পরিবর্তনের জন্য দুই সপ্তাহের মধ্যে ব্যাঙ্ককে নতুন ঠিকানা জানাতে হবে।
- 7) প্রযোজ্য স্থানীয় আইন সাপেক্ষে, ব্যাঙ্ক বা এর কোনো সহযোগী (শাখা সহ) ঋণ গ্রহণকারীদের তথ্য দেশীয় বা বিদেশী নিয়ন্ত্রক বা কর কর্তৃপক্ষের সাথে আদানপ্রদান করতে পারে, যেখানে নিয়ন্ত্রক বা কর্তৃপক্ষের সাথে বা অন্য কোনো ভাবে, অর্ডার, চুক্তি অনুসারে যে কোনো এখতিয়ারের মধ্যে ঋণ গ্রহণকারীকে করের দায়বদ্ধতা প্রতিষ্ঠা করা আবশ্যিক হয়।

- 8) ব্যাঙ্ক ব্যক্তিগত ঋণের অ্যাকাউন্টটি যে কোনো সময় ব্লক করে দিতে পারে (বা ব্লকটি সরিয়ে দিতে পারে), যদি কোনো কর্তৃপক্ষ ব্যাঙ্ককে এরকম কাজ করতে বলে, বা কোনো আইনি প্রয়োজন পড়ে বা কোনো নিয়ন্ত্রক বা কোনো কর্তৃপক্ষের সাথে কোনো চুক্তি অনুযায়ী ব্যাঙ্কের এটা করা আবশ্যিক হয় বা যদি ব্যাঙ্ককে সংশ্লিষ্ট কোনো প্রযোজ্য অর্ডার বা কোনো কর্তৃপক্ষের অনুমোদনের সাথে আভ্যন্তরীণ পলিসিগুলো মেনে নিতে হয় তাহলে।
- 9) ইএমআই মকুব বা ক্যাশ ব্যাক স্কিম (নগত ফেরত প্রকল্প) - যদি ঋণ গ্রহণকারী ইএমআই মকুব বা ক্যাশ ব্যাক স্কিমবেছে নেন, তাহলে ঋণ গ্রহণকারী শুধুমাত্র তখনই শেষ ইএমআই মকুব বা ক্যাশ ব্যাক-এর যোগ্য হবেন, যখন ঋণের সম্পূর্ণ মেয়াদকালে ইএমআই বাউন্স হওয়া বা ডিফল্ট হওয়া বা যে কোনো কারণেই হোক না কেন ইএমআই-এর পেমেন্টে দেরী হওয়ার কোনো একটাও উদাহরণ না থাকে। শেষ ইএমআই মকুবের অফারটি শুধুমাত্র তখনই প্রযোজ্য হবে যখন ঋণ গ্রহণকারী ঋণের সম্পূর্ণ মেয়াদকাল শেষ করবে এবং ঋণের প্রি টার্ম ক্লোজারের (মেয়াদের আগে বন্ধ করার) জন্য বন্ধ হয়ে যাবে। ব্যাঙ্কের সিদ্ধান্তই চূড়ান্ত হবে এবং ঋণ গ্রহণকারীর জন্য তা বাধ্যতামূলক হবে। ব্যাঙ্ক যে কোনো সময় ইএমআই মকুব বা ক্যাশ ব্যাক স্কিম-এর অধীনে নিজস্ব বিবেচনার ভিত্তিতে এবং সময়ে সময়ে ব্যাঙ্ক দ্বারা নিয়ম এবং শর্তাবলী সাপেক্ষে ঋণ প্রক্রিয়াকরণ করতে পারে।
- 10) ঋণ গ্রহণকারী রেকর্ড করা লাইনে আবেদনে উল্লিখিত উদ্দেশ্যের জন্য কঠোরভাবে ব্যক্তিগত ঋণ ব্যবহার করবেন এবং কোনো অনুমানমূলক বা সমাজবিরোধী কাজের উদ্দেশ্যে নয়। ব্যাঙ্ক ব্যক্তিগত ঋণটি প্রত্যাহার করে নিতে পারে, যদি তাদের মতে ব্যক্তিগত ঋণটি উল্লিখিত উদ্দেশ্য ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা হয়।
- 11) ঋণ গ্রহণকারী কোনো ব্যাঙ্কের ডিরেক্টর বা সিনিয়র অফিসারের সাথে কোনো ভাবেই সম্পর্কিত নন, বা ভারতের অন্য কোনো ব্যাঙ্কের ডিরেক্টর বা ব্যাঙ্কের সাথে সম্পর্কিত নন। যদি এরকম না হয়, তাহলে অনুগ্রহ করে ব্যাঙ্কের প্রতিনিধিকে এই বিষয়ে জানান।
- 12) ঋণ গ্রহণকারী ব্যক্তি ব্যাঙ্ককে ক্রেডিট ইনফরমেশন কোম্পানিগুলোকে (সিআইসি) ঋণ গ্রহণকারীকে প্রদত্ত ঋণের সুবিধার মাসিক বিবরণ দেওয়ার অনুমোদন দেয়। এই ধরনের বিস্তারিত বিবরণের মধ্যে রয়েছে ব্যাঙ্কের কাছে ঋণ গ্রহণকারীর পাওনা টাকার পরিমাণ (এমনকি যদি ঋণ গ্রহণকারী পাওনার টাকার পরিমাণ নিয়ে বিবাদ খাড়া করেন বা বকেয়া টাকার পরিমাণ নিষ্পত্তি করার জন্য ব্যাঙ্কের সাথে কোনো চুক্তিতে আবদ্ধ হন) এবং ঋণ গ্রহণকারীর ঋণ পরিশোধের ইতিহাস। ব্যাঙ্ক সিআইসি থেকে অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান দ্বারা ঋণ গ্রহণকারীকে দেওয়া ঋণের সুবিধার বিবরণও পেতে পারে। ঋণ গ্রহণকারীদের অ্যাকাউন্টকে নিয়মিতকরণ করার পরে, ব্যাঙ্ক সিআইসি আপডেট করবে। ঋণ গ্রহণকারী ব্যাঙ্ককে দেওয়া যে কোনো তথ্য বা তার ক্রেডিট স্ট্যান্ডিং যাচাই করার জন্য ব্যাঙ্ককে অনুমতি দেয়, যাকে ব্যাঙ্ক উপযুক্ত বলে মনে করে (যেমন কোনো কর্তৃপক্ষ বা ক্রেডিট রেফারেন্স এজেন্সি বা কোনো ক্রেডিট ব্যুরো); এছাড়াও নিশ্চিত করে এবং মেনে নেয় যে ব্যাঙ্ক এই আবেদনের সাথে সম্পর্কিত যে কোনো তথ্য (ব্যক্তিগত তথ্য সহ) যে কোনো পরিষেবা প্রদানকারীকে (ভারতের বাইরে বা ভেতরে অবস্থিত হোক না কেন) ঋণের আবেদনের সাথে সম্পর্কিত যে কোনো পরিষেবা প্রদানের উদ্দেশ্যে (ডেটা প্রসেসিং সহ) বা ব্যক্তিগত ঋণ পণ্যের ফিচারগুলি দিতে পারে; এবং বোঝে যে ব্যাঙ্ক পণ্যটির জন্য আমাদের আবেদনের স্ট্যাটাস সেলস্ এজেন্ট বা কোনো সত্ত্বার কাছে প্রকাশ করবে, যার মাধ্যমে আমি আমার আবেদন জমা দিয়েছি।
- 13) নিয়ন্ত্রক আইন এবং এখতিয়ার- ব্যক্তিগত ঋণ ভারতের আইন দ্বারা নিয়ন্ত্রিত হবে।
ব্যক্তিগত ঋণ থেকে উঠে আসা বা এর সাথে সম্পর্কিত সমস্ত দাবি এবং বিবাদ 1996-এর আরবিট্রেশন অ্যান্ড কনসিলিয়েশন অ্যাক্ট (সালিসি বা সমঝোতা আইন) এবং পরবর্তী যে কোনো সংবিধিবদ্ধ সংশোধনী আইন-এর প্রবিধান অনুযায়ী, সালিসি বা মধ্যস্থতা দ্বারা নিষ্পত্তি করা হবে, যদি উক্ত আইনে থাকে, তবে তার জন্য ব্যাঙ্ক দ্বারা একমাত্র সালিসকারী বা মধ্যস্থতাকারী নিযুক্ত করা হবে সেই সব ক্ষেত্র ছাড়া, যেখানে এই ধরনের দাবি বা বিবাদ, 1993-এর ব্যাঙ্কস অ্যান্ড ফাইন্যান্সিয়াল অ্যাক্ট-এর কারণে ঋণ পুনরুদ্ধারের এখতিয়ারের অধীনে প্রতিষ্ঠিত ঋণ পুনরুদ্ধার ট্রাইব্যুনালের এখতিয়ারের মধ্যে পড়ে। গৃহীত যে কোনো সালিসি বা মধ্যস্থতার পুরস্কার বা নির্দেশ হবে চূড়ান্ত এবং প্রতিষ্ঠানগুলো পার্টিগুলোর উপর বাধ্যতামূলক হবে। সালিসি বা মধ্যস্থতার ভাষা হবে ইংরেজী এবং এই ধরনের সালিসির স্থান হবে মুম্বাইতে।
- 14) বর্ণনা করুন এবং আশ্বস্ত করুন যে আপনি আবেদন পত্রের সাথে আমাদের যে সমস্ত তথ্য (যে কোনো নথি সহ) দিয়েছেন সেসব তথ্যসঠিক, সম্পূর্ণ এবং সেগুলি বিভ্রান্তিকর নয়। (যদি তা না হয় তবে আপনি এর জন্য ব্যক্তিগতভাবে দায়ী হতে পারেন)